জরুরী গাইড
অপ্রতিদ্বন্দ্বী পাক্ষিক ফ্রি শিটার
০১ / ৫৯২ aamaarshahor.com
মালদা ৫ই মাঘ, ১৪৩২ সোমবার, ১৯ জানুয়ারী, ২০২৬ ২৩ বর্ষ ১৯তম সংখ্যা বিনামূল্যে বিতরণের জন্য
বিজ্ঞাপন বিভাগ ঃ 9233 44 45 46

মন নিয়ে পড়ুন, সাকসেস আসবে
সাইকোলজিতে !

সাইকোলজি বা মনোবিজ্ঞান নিয়ে পড়াশোনা করে ক্লিনিক্যাল সাইকোলজিস্ট, এডুকেশন সাইকোলজিস্ট, স্পোর্টস ও ইন্ড্রাস্ট্রিয়াল সাইকোলজিস্ট, কাউন্সেলিংয়ের মতো বিভিন্ন ক্ষেত্রে ভালো কেরিয়ার তৈরি করা যায়।

ডিপ্রেশন, অ্যাংজাইটি, মুড সুইং - আজ থেকে কয়েক বছর আগেও এই শব্দগুলির সঙ্গে মানুষ আজকের মতো এতটা পরিচিত ছিলেন না। থাকলেও নানা রকম ট্যাবুর কারণে অনেকেই মনে করতেন, এই সব শৌখিন বিষয়। কিন্তু আজকের ভারতে মন যে ম্যাটার করে সেই বেসিক শিক্ষা অনেকেরই হয়েছে। সচেতনতার কারণেই সাইকোলজিস্ট, সাইক্রিয়াট্রিস্ট - দুই পেশাদারের চাহিদা ক্রমবর্ধমান। সাইকোলজি নিয়ে পড়তে গেলে কী করতে হবে তা এই প্রতিবেদনে দেওয়া হলো ঃ-

যোগ্যতা ঃ বিএসসি সাইকোলজি কোর্সে ভর্তি হতে হলে আবেদনকারীদের একটি স্বীকৃত বোর্ড থেকে ১০+২ পর্যায়ের শিক্ষা সম্পন করতে হবে। সায়েন্স ব্যাকগ্রাউন্ড থাকা পড়ুয়াদের অগ্রাধিকার দেওয়া হলেও কিছু প্রতিষ্ঠান সব স্ট্রিমেরই ছাত্রছাত্রীদের ভর্তি করে। ভর্তির জন্য ন্যূনতম ৫০ শতাংশ নম্বর প্রয়োজন, তবে এটি প্রতিষ্ঠানের উপরেই নির্ভরশীল। কিছু বিশ্ববিদ্যালয় প্রবেশিকার পরীক্ষার মাধ্যমেও পড়ুয়া ভর্তি করে।

সিলেবাস ঃ বিএসসি সাইকোলজির পাঠ্যক্রম তাত্ত্বিক জ্ঞান এবং ব্যবহারিক দক্ষতার সংমিশ্রণ। মূল বিষয়গুলির মধ্যে রয়েছে ঃ-

✤ **সাইকোলজির পরিচিতি ঃ** মানুষের আচরণ এবং মানসিক প্রক্রিয়ার মৌলিক বিষয়।

✤ **বায়োলজিক্যাল সাইকোলজি ঃ** মস্তিস্ক ও স্নায়ুতন্ত্রের ভূমিকা বোঝা।

✤ **সামাজিক সাইকোলজি ঃ** কীভাবে কোন ব্যক্তি অন্যদের দ্বারা, সমাজ দ্বারা প্রভাবিত হয় তা বিচার করা।

✤ **উন্নয়নমূলক সাইকোলজি ঃ** মানব বিকাশ, জীবনচক্র সম্পর্কিত অধ্যয়ন।

✤ **অস্বাভাবিক সাইকোলজি ঃ** মানসিক রোগ এবং থেরাপির অধ্যয়ন।

✤ **গনিটিভ সাইকোলজি ঃ** স্মৃতি, চিন্তা এবং সমস্যা সমাধানের অন্তর্দৃষ্টি।

✤ **গবেষণা পদ্ধতি এবং পরিসংখ্যান ঃ** সাইকোলজিক্যাল গবেষণার জন্য প্রয়োজনীয় টুলস-এর দরকার হয়। এই পাঠ্যক্রমে ল্যাবরেটরি সেশন, ফিল্ডওয়ার্ক এবং ইন্টার্নশিপের গুরুত্ব কেরিয়ার গড়ার জন্য অপরিসীম।

উচ্চশিক্ষা ঃ-

✤ **এমএসসি সাইকোলজি ঃ** ক্লিনিক্যাল, ইন্ড্রাস্ট্রিয়াল, কাউন্সেলিং, বা ফরেন্সিক সাইকোলজিতে বিশেষজ্ঞ হয়ে ওঠা।

✤ **এইচআর-এ এমবিএ ঃ** যাঁরা কর্পোরেট ক্ষেত্রে কাজ করতে আগ্রহী তাঁদের জন্য।

✤ **পিজি ডিপ্লোমা ইন কাউন্সেলিং ঃ** ব্যবহারিক ও কাউন্সেলিং কৌশলগুলির উপর ফোকাস করা।

✤ **সাইকোলজিতে পিএইচডি ঃ** গবেষণাভিত্তিক কেরিয়ার বা অ্যাকাডেটিক ক্ষেত্রে আগ্রহীদের জন্য।

কেরিয়ারের সম্ভাবনা

বিএসসি সাইকোলজি ডিগ্রি নানা ক্ষেত্রে চাকিরর সুযোগ উন্মুক্ত করে ঃ

✤ **ক্লিনিক্যাল সাইকোলজিস্ট ঃ** হাসপাতাল, মানিসক স্বাস্থ্যকেন্দ্র বা ব্যক্তিগত চেম্বারে কাজের সুযোগ আছে। একজন লাইসেন্সপ্রাপ্ত ক্লিনিক্যাল সাইকোলজিস্টের সরকারি, বেসরকারি হাসপাতালে, এনজিও-তে, ক্লিনিকগুলিতে বা ফ্রিল্যান্সার হিসাবে কাজের প্রচুর সুযোগ রয়েছে।

✤ **ইন্ড্রাস্ট্রিয়াল সাইকোলজিস্ট ঃ** ইন্ড্রাস্ট্রিয়াল অর্গানাইজেশনের সাইকোলজিস্ট হিসাবে কোনও সংস্থায় কর্মী নির্বাচন এবং নিয়োগের সময় পরামর্শদাতা হিসাবে কাজ করার সুযোগ রয়েছে। কর্মীদের মানসিক কাঠিন্য, মানসিক সামর্থ্য পরীক্ষা করেন মনোবিদ।

✤ **কাউন্সেলার ঃ** শিক্ষা প্রতিষ্ঠান, এনজিও বা পূনর্বাসন কেন্দ্রগুলিতে কাউন্সেলার কাজ করার সুযোগ।

✤ **মানব সম্পদ ঃ** কর্মী নিয়োগ, প্রশিক্ষণ এবং কর্মীদের সুস্থতা বজায় রাখার জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

✤ **মার্কেট রিসার্চ ঃ** বিজ্ঞাপন এবং পণ্যের মার্কেটিং করার সময় উপভোক্তাদের আচরণ বিশ্লেষণ করতে হয়, তাঁদের আসক্তি, প্রবণতা, চাহিদা বিশ্লেষণ করতে পেশাদার সাইকোলজিস্টদের খুব দরকার হয়।

✤ **ফরেন্সিক সাইকোলজি ঃ** অপরাধীদের প্রোফাইলিং এবং তদন্তে সহায়তা করতে পুলিশ বিভাগ, অপরাধ দমন শাখা, প্রতিরক্ষা দপ্তরে, সেনা গোয়েন্দাদের সব সময় সাহায্য করেন ফরেন্সিক সাইকোলজিস্টরা। আইনি সংস্থা, জাতীয় তদন্তকারী সংস্থাগুলিতে পরামর্শদাতা হিসাবে কাজের সুযোগ রয়েছে।

✤ **এডুকেশন সাইকোলজি ঃ** সরকারি ও বেসরকারি স্কুল, বিশ্ববিদ্যালয়,মানসিক স্বাস্থ্যকেন্দ্র, স্বাস্থ্যকেন্দ্র, আবাসিক ক্লিনিক এবং হাসপাতাল, কিশোর-কিশোরীদের বিচার-আদালতে, বেসরকারি ক্লিনিকে এডুকেশন সাইকোলজিস্ট হিসাবে কাজের অনেক সুযোগ রয়েছে।

✤ **স্পোর্টস সাইকোলজি ঃ** স্কুল, কলেজ বা বিশ্ববিদ্যালয়ের পেশাদার ক্রীড়া দল তৈরি করার সময়, ক্রীড়া পুনর্বাসন কেন্দ্র এবং ক্রীড়া গবেষণা কেন্দ্রে ক্রীড়া মোনবিজ্ঞান উপদেষ্টা হিসাবে কাজের সুযোগ রয়েছে।

✤ **সাইকোমেট্রি ঃ** সরকারি এবং বেসরকারি সংস্থা, উপদেষ্টা এবং গবেষকদের জন্য একজন পেশাদার টেস্ট ডেভেলপার এবং সাইকোমেট্রিশিয়ান হিসাবে চাকরির অনেক সুযোগ রয়েছে।

শেষের কথা

ভারত জুড়ে মানসিক স্বাস্থ্যর প্রতি সচেতনতা বাড়ছে। ভারতের মতো বিপুল জনসংখ্যার দেশে এই সেক্টরে বিশেষজ্ঞের অভাব প্রকট। সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানগুলিতে ভালো মনোবিদের চাহিদা রয়েছে। কেরিয়ার তৈরির জন্য সম্ভাবনাময় ক্ষেত্র হিসেবে সাইকোলজি একটি দুর্দান্ত বিকল্প।

হাওড়ায় বন্দে ভারত
স্লিপারের যাত্রা শুরু শনিবার

বিভিন্ন উন্নত পরিষেবা নিয়ে যাত্রা শুরু বন্দে ভারত স্লিপার ট্রেনের। হাওড়া-কামাখ্যা রুটে সেমি হাইস্পিড এই স্লিপার ট্রেনে নজরকাড়া বিভিন্ন সুবিধা ও ফিচার ঃ (১) কেউ কোটা ব্যবহার করে বিনামূল্যে ভ্রমণ করতে পারবে না। (২) ওয়েটিং বা আর.এ.সি টিকিট মিলবে না, বাথরুমে গরম জলের ব্যবস্থা, আরামদায়ক ও উন্নত বেডরোল, মেনুতে বাঙালি ও আসামীদের নিজস্ব খাবার, শব্দ নিরোধক দরজা, নিরাপত্তায় কবজ ব্যবস্থা।

ভিআইপি কোটা বলে কিছু থাকছেই না, গোটা ট্রেন কেবলই সাধারণ যাত্রীদের জন্য। এমনকী, রেলের কর্তারাও তাঁদের 'পাস' ব্যবহার করে এই ট্রেনে ওঠার সুযোগ পাবেন না। দেহের প্রথম বন্দে ভারত স্লিপার এমনই হতে চলেছে বলে রেল জানাচ্ছে। রেলের পরিকল্পনা অনুযায়ী, ১৭ জানুয়ারী হাওয়া থেকে গুয়াহাটির পথে প্রথম যাত্রা শুরু করতে চলেছে বন্দে ভারত এক্সপ্রেসের স্লিপার সংরক্ষণ।

দিনে যাত্রা শুরু করে দিনেই প্রান্তিক স্টেশনে পৌঁছনোর পরিকল্পনা নিয়ে ২০১৯-এ চালু হয়েছিল দেশের প্রথম সেমি হাইস্পিড ট্রেন বন্দে ভারত এক্সপ্রেস। নয়াদিল্লি থেকে বেনারস লাইনে যাত্রা শুরু করে ২০২৫-এর ডিসেম্বর পর্যন্ত গোটা দেশে বন্দে ভারত এক্সপ্রেসের মোট ১৬৪ টি ট্রেন চলছে। কিন্তু রাতভর চলার মতো অর্থাৎ 'ওভারনাইট জার্নি'-র উপযুক্ত এ ধরনের সেমি হাইস্পিড ট্রেনের অভাব ছিল দেশে। আগামী শনিবার হাওড়া-গুয়াহাটি বন্দে ভারত এক্সপ্রেস দিয়ে সেই অভাব মিটতে চলেছে।

রেল সূত্রে জানা গিয়েছে, এই ট্রেনে যাত্রীরা শুধুই কনফার্মড টিকিট পাবেন। অর্থাৎ, কোনও ওয়েটিং লিস্ট থাকবে না। অন্য দূরপাল্লার ট্রেনে যেমন আরএসি (রিজারভেশন এগেন্স্ট ক্যানসেলেশন)-র সংস্থান থাকে, অর্থাৎ দু'জন যাত্রী একটি আসন ভাগ করে নেওয়ার যে সুবিধে পান, সেটা এই ট্রেনে থাকবে না। রেলের কর্তারা জানিয়েছেন, এই ট্রেনে যাত্রীরা কভার সহ কম্বল এবং আরও কিছু সরঞ্জাম থাকা উন্নতমানের বেডরোল পাবেন। রাজধানী এক্সপ্রেস, দুরন্ত এক্সপ্রেসের মতো প্রিমিয়াম ট্রেনগুলোর তুলনায় বন্দে ভারত স্লিপারের বেডরোল বেশি আধুনিক ও আরামদায়ক হবে। তাছাড়া, বন্দে ভারত স্লিপারের যাত্রীরা স্থানীয় খাবার পাবেন। অর্থাৎ হাওড়া থেকে গুয়াহাটির মধ্যে যাতায়াত করা ট্রেনে বাঙালি ও অসমিয়া খাবার পাওয়া যাবে। ট্রেনের শৌচাগারে স্নানের জন্য থাকবে গরম জলেরও ব্যবস্থা।

বন্দে ভারত স্লিপারে কামরা থাকছে ১৬ টি। এর মধ্যে ১১ টি এসি থ্রি-টিয়ার, ৪ টি এসি টু-টিয়ার, এবং ১ টি এসি ফার্স্ট ক্লাস কামরা। ট্রেনের মোট ৮২৩ টি বার্থের মধ্যে ৬১১ টি এসি থ্রি টিয়ারে, এসি ফার্স্ট ক্লাসে থাকবে। আরামদায়ক কুশন-সহ উন্নত বার্থ, যাত্রীদের স্বাচ্ছন্দে চলাচলের জন্য চওড়া ভেস্টিবিউল ও স্বয়ংক্রিয় দরজা থাকছে এই ট্রেনে। তাছাড়া, উন্নততর সাসপেনশন ও শব্দ নিয়ন্ত্রণ ব্যবস্থার (এরপর ২-এর পাতায়)

দেখছি যেমন আরশিতে

তবু খেলা চলমান

শুধু ফাঁকা মাঠ, গোলপোস্টের চিহ্নই নেই–
দিনরাত খেলা চলে, কিছুতেই গোল তো হয় না,
রেফারির বাঁশি– লাল কার্ড দেখে মাঠ ছাড়লেই
নতুন জার্সি প্রস্তুত থাকে, নতুন গয়না।
নকল ঘাসের কার্পেটে ঢাকা একরঙা মাঠ,
দর্শকদের চিৎকারে মন দিলে খেলা শেষ;
খেলতেই হবে, ভুলতেই হবে গোলবিভ্রাট–
হঠাৎ বাঁশিতে বলও উধাও তবু খেলে দেশ।

অবিদ্যার অন্ধকারে

ছেঁড়া ফুলে অঞ্জলি দিই, পরীক্ষাতে স্মরণ করি–
সারা বছর চলভাযে জ্ঞান বিলোনোর কাজে রত,
সাজবাহারে ভুলতে থাকি অসময়ের জীবনঘড়ি,
বিদ্যাদেবী মলাটবন্দি, শিক্ষা ছাড়া সবই ব্রত!
রাস্তা কেটে মণ্ডপ গড়ি, মাইক বাজাই তারস্বরে,
লক্ষ্মীদেবীর সফল বাজার সরস্বতী নীরব ব্রাত্য,
একটি দিনের প্রার্থনাতে প্রত্যয়ী হই বছরভরে।

– ড. গৌরাঙ্গদেব ভার্মা

হেলথ গাইড

আপনার জীবন আপনার বিচার

কিছু কিছু ক্যানসারের বাহ্যিক প্রকাশ থাকে। কোনও রকম আলসার বা ঘা, রক্তক্ষরণ ইত্যাদি। যেগুলি অধিকাংশ ক্ষেত্রেই ক্যানসার বলে মনেই হয় না। ফলত, সেই ছোট একটা সমস্যা, উপযুক্ত চিকিৎসার অভাবে পাকতে পাকতে ক্যানসারের ভয়ানক পর্যায়ে উপনীত হয়। তখন রোগ ধরা পড়লেও হয়তো আর কিছু করার থাকে না।

তাই কিছু লক্ষণ দেখা দিলে সেক্ষেত্রে অহেতুক অপ্রয়োজনীয় চিকিৎসা না করে যথার্থ চিকিৎসা দরকার। না হলে হিতে বিপরীত হতে বাধ্য। নিজেই নিজের বিপদ ডেকে আক্ষ্ম নার সমান।

যা নিয়ে অবহেলা নয়

তামাকদ্রব্য সেবনে - এদেশে ওরাল ক্যানসারের আক্রান্তের হার মারাত্মক বেড়েছে। তামাকজাত দ্রব্য, পান, সুপারির নেশা এক্ষেত্রে দায়ী। মুখের ভিতরে কোনও রকম ছোট ক্ষতও অবহেলায় মারাত্মক হতে পারে। অধিকাংশ ক্ষেত্রেই ওরাল ক্যানসার প্রি-ম্যালিগন্যান্সি থেকে ম্যালিগন্যান্সিতে যায় শুধুমাত্র অবহেলার কারণে। মুখের ভিতরে কোনও ছোট ঘা হলে সেটায় অ্যান্টিফাংগাল ওষুধ বা আয়ুর্বেদিক টোটকা ব্যবহার না করে দ্রুত চিকিৎসকের পরামর্শ নেওয়া যেমন জরুরি তেমনই সমস্যা হলে পান-মশলা বা তামাকজাত দ্রব্য সেবন পুরোপুরি বন্ধ করতে হবে। তবেই গোড়াতেই রোগকে আটকানো যায়।

ধূমপান - পুরুষদের পাশাপাশি মহিলারাও এখন নেশাগ্রস্ত। এটা সকলেই জানেন যে সিগারেট ক্যানসারের কারণ, তা সত্বেও এই নেশায় আসক্ত অল্পবয়সি থেকে বয়স্করা। এটা আরও মারাত্মক। এমনকী, দেখা যায়, কাশি হচ্ছে, হয়তো শ্বাসকষ্টের সমস্যা রয়েছে, তাঁরাও কিন্তু ধূমপান করেন। এতে করে সমস্যা আরও ভয়ানক হয়। ফুসফুস ক্যানসারের অন্যতম কারণ এই বদঅভ্যাস।

গ্যাস্ট্রিকে ভুগলে - বাঙালির যে কোনও পেটের ব্যথা, কোমরে ব্যথা বা তলপেটে ব্যথা হলেই মনে করেন গ্যাসের ব্যথা। আর নিজের মতো হজমের, গ্যাসের ট্যাবলেট খেয়ে সেই ব্যথা কমিয়ে রাখা, খাল কেটে কুমির ডেকে আনতে যথেষ্ট। কেন? কারণ গ্যাস হওয়া মানেই যে সেটা সাধারণ ব্যাপার তা নয়। অনেকদিন ধরে এমন হতে থাকলে তা গ্যাসট্রিক আলসারের লক্ষণ। আলসারের প্রথম পর্যায়ে চিকিৎসকের পরামর্শ জরুরি। তখনই পরীক্ষা করে দেখা দরকার। সেই আলসার ক্যানসারাস নাকি নন-ক্যানসারাস। স্টম্যাক ক্যানসারের পূর্বাভাস হতে পারে।

আরও একটা ব্যাপার রয়েছে। ওভারিয়ান ক্যানসার হলে সেটা একেবারে চুপচাপ থাকে। তার কোনও প্রকাশ থাকে না। এক্ষেত্রে সবচেয়ে সাধারণ একটি লক্ষণ হল দীর্ঘদিন গ্যাসের সমস্যা। ৮০-৯০ শতাংশ ক্ষেত্রে গ্যাসের সমস্যা থাকে, পেটে জল জমে ওভারিয়ান ক্যানসারের অ্যাডভান্স স্টেজে। তাই এই লক্ষণ থাকলে চিকিৎসকের পরামর্শ ছাড়া কিছু করা উচিত নয়।

স্তনে কোন অস্বস্তি — এদেশে তথা এরাজ্যে মহিলারা আজও নিজেদের ব্যাপারে উদাসীন। গোপনাঙ্গে বা স্তনে কোনও সমস্যা হলে গোপন করে যাওয়ার প্রবণতা খুব বেশি। জীবন আগে। রোগ নিয়ে লুকোচুরি আজকের দিনে মূর্খতারই পরিচয়। স্তনে কোনও রকম শক্ত টিউমার, নিপল এর কোনও রকম পরিবর্তন বুঝতে পারলে দ্রুত চিকিৎসকের পরামর্শ নিন। জড়িবুটি, সনাতনী চিকিৎসার দ্বারস্থ না হয়ে সঠিক চিকিৎসায় বশবর্তী হতে হবে।

মলের সঙ্গে রক্তপাত - অনেকেই এমন হলে অর্শের নানা রকম চিকিৎসা করাতে থাকেন। এটা আরও মারাত্মক। নিজে থেকে এক্ষেত্রে কিছু সিদ্ধান্ত না নিয়ে, কোনও ওষুধ না খেয়ে সরাসরি উপযুক্ত বিশেষজ্ঞের পরামর্শ নিন। কারণ কোলন ক্যানসার এভাবেই প্রাণসংশয় ডেকে আনে। এছাড়াও যাঁদের ক্যানসারের পারিবারিক হিস্ট্রি রয়েছে তাঁদের কোনও সমস্যা না থাকলেও ক্যানসার বিশেষজ্ঞের পরামর্শ নেওয়া দরকার। কারণ, চিকিৎসক অনেক কিছু বিশ্লেষণ করে তাঁদের ক্যানসারের ঝুঁকি রয়েছে কি না সেটা কিছুটা হলেও আন্দাজ করে সেই মতো চিকিৎসা বা জরুরি স্ক্রিনিং টেস্ট করার পরামর্শ দেন। কিছু না করে বসে থাকার কোনও মানে নেই। সাবধানতাই ক্যানসার প্রতিরোধের অন্যতম উপায়।

ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং গড়ে উজ্জ্বল ভবিষ্যত

ভারতে 'বিটেক ইন ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং' এমন একটি স্নাতক কোর্স যা সম্ভাবনাময় কেরিয়ার তৈরির দিশা দেখাচ্ছে। স্মার্ট সিটি তৈরি থেকে বড় ম্যানুফ্যাকচারিং ইন্ড্রাস্ট্রি-সর্বত্র ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারদের চাহিদা রয়েছে।

যোগ্যতা ও সময়সীমা

স্বীকৃত বোর্ড থেকে ১০+২ পাশ বা সমতুল্য শিক্ষাগত যোগ্যতা দরকার। উচ্চমাধ্যমিক স্তরে কোর সাবজেক্ট কম্বিনেশনে থাকতে হবে ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক। বি টেক ইন ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে কোর্স চার বছরের। থিয়োরি ও প্র্যাকটিক্যাল মিলিয়ে আটটি সেমেস্টারে বিভক্ত।

পাঠ্যক্রম

কোর সাবজেক্টগুলির মধ্যে আছে সার্কিট থিওরি, ইলেকট্রিক্যাল মেশিন্স, পাওয়ার সিস্টেমস, কন্ট্রোল সিস্টেমস, পাওয়ার ইলেকট্রনিক্স, ইলেকট্রোম্যাগনেটিক ফিল্ডস, ডিজিটাল সিগন্যাল প্রসেসিং, মাইক্রো-প্রসেসর, ল্যাবরেটরি ওয়ার্কের মধ্যে রয়েছে, ম্যাটল্যাব, পিএসসিএডি বা ইটিএপি সফটওয়্যারের সাহায্যে ইলেকট্রিক্যাল মিশনস, সার্কিট, পাওয়ার ইলেকট্রনিক্স, সিম্যুলেশন নিয়ে কাজ করা। সিলেবাসে গুরুত্বপূর্ণ বিষয় হলো, আইওটি (ইন্টারনেট অপ থিংস), এমবেডেড সিস্টেমস, মেশিন লার্নিং, এআই।

এআই-এর সাহায্যে পড়াশোনা

এখন ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের পড়াশোনা, প্রশিক্ষণ সবটাই হচ্ছে শিল্প সংস্থা ও বাজারের চাহিদা মেনে। তাই এআই নির্ভর পাঠ্যক্রম জনপ্রিয় হচ্ছে। বিভিন্ন ডেটা সেন্টারগুলিতে তথ্য ভাণ্ডার সংরক্ষণের জন্য বিপুল পরিমাণ বিদ্যুতের সরবরাহ লাগে। এ জন্য বিশেষ ধরনের ইলেকট্রিক্যাল হার্ডওয়্যার তৈরি ও রক্ষণাবেক্ষন করতে হয় এআই অ্যালগোরিদম মেনে। ফলে ডেটা সেন্টারগুলিতে বিদ্যুতের সুষ্ঠু ও নিরবিচ্ছিন্ন সরবরাহ বজায় থাকে। এছাড়া এআই নির্ভর পড়াশোনায় শেখানো হয়, কীভাবে শিল্প সংস্থাগুলির চাহিদা মেনে উপযুক্ত বিদ্যুৎ সাশ্রয়ী ব্যবস্থা গড়ে তোলা যায়, কীভাবে মেশিন লার্নিং, রোবোটিক্স প্রযুক্তি ব্যবহার করে স্মার্ট গ্রিড ও প্রেডিকটিভ মেনটেন্যান্সের মতো ক্ষেত্রগুলিকে উন্নত করা যায়। বাণিজ্যিক সংস্থাগুলির আসল লক্ষ্য থাকে, যতটা সম্ভব বিদ্যুৎ ব্যয় কম করে আরও বেশি সময় ধরে আরও বেশি পণ্য উৎপাদন ও পরিষেবা প্রদান নিশ্চিত করা। এখন কৃত্রিম বুদ্ধিমত্তা পরিচালিত মেশিন ও স্মার্ট মেশিন, অটোমেশনের ব্যবহার বাড়ছে শিল্প সংস্থাগুলিতে। তার ফলে যে সব ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারের এআই নিয়ে দক্ষতা আছে তাঁদের ভালো চাহিদা রয়েছে।

উচ্চশিক্ষা

বিটেক করার পর পাওয়ার সিস্টেমস, কন্ট্রোল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, রিনিউয়েবল এনার্জি, ভিএলএসআই ডিজাইনের উপর স্পেশালাইজেশন নিয়ে ইলেকট্রিক্যাল (এরপর ২-এর পাতায়)

বার্থ সার্টিফিকেট
এডুকেশনাল সার্টিফিকেট
ড্রাইভিং লাইসেন্স
পলিসি সার্টিফিকেট
পাসপোর্ট
রেজিস্ট্রি ডিড
চাকুরী সংক্রান্ত কাগজপত্র
এফিডেফিটের মাধ্যমে নামের বানান সংশোধনের বিজ্ঞপ্তি সংবাদপত্রে ঘোষণা করুন।
পরামর্শ ও সহযোগিতা ঃ মাস মিডিয়া # 9233 44 45 46
সমস্ত সরকারী কাগজপত্রে নামের বানান সঠিক আছে তো?

পাত্র চাই

• কায়স্থ 32/5′ ফর্সা, সুশ্রী, ডিপ্লোমা ইঞ্জিঃ "নির্মাণ সহায়ক" পদে মালদায় কর্মরতা। অনূর্দ্ধ 37, মালদায় কর্মরত উপযুক্ত সঃ চাঃ পাত্র কাম্য। M - 9851308306. HUF-0015

• চৌধুরী 34/5′2′′ M.A., B.Ed. (Hons.), প্রাইমারী শিক্ষিকা পাত্রীর জন্য সঃ চাঃ / স্কুল শিক্ষক / প্রতিষ্ঠিত ব্যবসায়ী পাত্র কাম্য। M - 9434730035. HUF-0905

• কর্মকার 33/5′2′′ M.A., Hist.(H), ফর্সা, ডিভোর্সী (যমজ সন্তান) পাত্রীর চাকুরে / ব্যবসায়ী সুপাত্র কাম্য। M - 7362940777 / 9614104446. HUF-0010

• মাহিষ্য দাস 25+/5′ B.A.(Hons.), M.A.(Eng.), B.Ed.(R), চাকুরীজীবি মা-বাবার কন্যা। উপযুক্ত মালদা শহর নিবাসী পাত্র চাই। চাকুরীজীবি অগ্রগণ্য / প্রতিষ্ঠিত ব্যবসায়ী চলিবে। M - 7001067480. HUF-0924

বৈশ্য সাহা 32+/5′3′′ M.A., B.Ed., মুর্শিদাবাদে H.S. স্থায়ী শিক্ষিকা (2025) (পৈতৃক নিবাস মালদা) একমাত্র কন্যার জন্য উপযুক্ত সঃ চাকুরে অথবা সুপ্রতিষ্ঠিত ব্যবসায়ী পাত্র কাম্য। অসবর্ণ চলিবে। M - 95475 34931. HUF-0931

পাত্র চাই

• বসাক 33+/5′1′′ M.A. (Hist.), ফর্সা, সুশ্রী, বেঃ সঃ চাকুরে পাত্রীর 40 মধ্যে সঃ চাঃ / নিজস্ব ব্যবসা সুপাত্র চাই। M - 97340 54179. HUF-0007

• সাহা 35/5′2′′ রাজ্য সরকারী চাকুরীরতা পাত্রীর জন্য সঃ চাকুরীরত অনূর্দ্ধ 40 পাত্র কাম্য। M - 9434404560. OL-3878

• কায়স্থ 25+/5′2′′ M.A., একমাত্র সন্তান পাত্রীর 32 মধ্যে সরকারী চাকুরে / প্রতিষ্ঠিত ব্যবসায়ী সুপাত্র কাম্য। M - 6295351070 (বিকেল 4 টা - রাত্রি 9:30 মধ্যে)। HUF-0919

মাহিষ্য দাস 31/5′2′′ M.A., B.Ed., M.Ed., ফর্সা, সুশ্রী, নামমাত্র বিবাহে ডিভোর্সী পাত্রীর 40 মধ্যে চাকুরে / ব্যবসায়ী সুপাত্র কাম্য। M - 79083 50076. HUF-1793

কুন্ডু 31/5′4′′ M.A., B.Ed শ্যামবর্ণা, বেঃ সঃ চাঃ (স্কুলে) কর্মরতা, ডিভোর্সী পাত্রীর 36 - 40 মধ্যে সরকারী চাকুরে / প্রতিষ্ঠিত ব্যবসায়ী সুপাত্র কাম্য। M - 97332 80125. HUF-0938

পাত্রী চাই

• কায়স্থ 28+/5′3′′ স্নাতক, D. Pharma মালদায় প্রতিষ্ঠিত ব্যবসায়ী পাত্রের জন্য 25 - 26 মধ্যে কায়স্থ মাঙ্গলিক সুশ্রী পাত্রী কাম্য। M - 8509893028. HUF-0003

• ঘোষ, 29/5′7′′ M.Tech., E. Railway মালদা D.R.M.-এ কর্মরত। 23 - 27-এর মধ্যে শিক্ষিতা, সুশ্রী পাত্রী কাম্য। চাকুরীরতা অগ্রগণ্যা। M - 6297003491. HUF-0014

• 38, বসাক তন্তুবায়, নামমাত্র বিবাহে ডিভোর্স (7 দিনের বিবাহিত) ব্যবসায়ী পাত্রের জন্য পাত্রী প্রয়োজন। M - 8918531407. OTS-1792

• 38, BE CIVIL, যাদবপুর বিশ্ববিদ্যালয়, দেবারি বাদে ফর্সা (উজ্জ্বল শ্যামবর্ণা বাদে) শিক্ষিতা সুপাত্রী চাই। শীঘ্রই বিবাহ। M - 8918723719. HUF-0020

ঘোষ 29/5′8′′ B.Tech., E. Railway কর্মরত, মকর রাশি, দেবারিগণ, 23 - 27-এর মধ্যে গ্র্যাজুয়েট, শিক্ষিত পরিবারের নম্র, ভদ্র, ঘরোয়া অথবা প্রাথমিক শিক্ষিকা পাত্রী কাম্য। M - 75013 74133. OL-3868

পাত্রী চাই

• প্রাথমিক শিক্ষক (2024) 1991, Gen., 5′8′′ নেশাহীন, দাবিহীন, সৎ পাত্রের জন্য চাকুরীরতা পাত্রী চাই। মালদা জেলা অগ্রগণ্য। M - 9932530233. OL-3885

• পঃ বঃ বৈষ্ণব 26/5′7′′ M.Tech., ব্যাঙ্গালোরে Wipro-তে কর্মরত। নিবাস সিঙ্গাতলা, মালদা শহর পাত্রের জন্য 25 অনূর্দ্ধা, ফর্সা, সুশ্রী, ন্যূনতম স্নাতক উপযুক্ত পাত্রী কাম্য। M - 9679002727 / 94344 56761. HUF-0002

• রায় 39+/5′5′′ হাইস্কুল শিক্ষক (আপার প্রাইমারি) পাত্রের জন্য সুশ্রী, শিক্ষিতা পাত্রী কাম্য। M - 9563114382 (সময় ঃ 6 P.M. - 10 P.M.)। OL-3855

• ব্রাহ্মণ 32/5′8′′ B.Tech., MBA, MNC-তে কর্মরত পাত্রের ফর্সা, সুন্দরী, সরকারী চাকুরে / উকিল / MNC চাকুরে 27 মধ্যে ব্রাহ্মণ পাত্রী চাই। M - 62949 99040. HUF-0909

চৌধুরী 28/5′9′′ M.Sc., সরকারী চাকুরে পাত্রের জন্য ফর্সা, সুন্দরী, ঘরোয়া, অনূর্দ্ধা 23 পাত্রী কাম্য। M - 80018 10242 / 97753 26288. HUF-0011

টিউশন / কোচিং

• অঙ্কে সমস্যা, বিজ্ঞানে দূর্বল, ভয় নেই। VI - X বাড়ি গিয়ে সিঙ্গল / ব্যাচে পড়াই। M - 7001681732. HUF-0926

• পদস্থ ইঞ্জিনিয়ার বাড়িতে গিয়ে VII - X (সমস্ত বোর্ড) ছাত্র-ছাত্রীদের চাহিদা মতো অঙ্কের CHAPTERS বোঝাচ্ছেন SLOT বুকিং-এর মাধ্যমে (বৃহঃ / শুক্র)। Pal Sir - 9932239094. HUF-0913

'X'PLORE
The Language of the Universe
Let's unlock your MATH potential, And connect it with reality.
ক্লাস 7 থেকে ক্লাস 12 পর্যন্ত সমস্ত বোর্ড এবং সমস্ত মিডিয়ামের শিক্ষার্থীদের গণিত শেখানো হয়। Mob. / WApp - 75013 07305 / 86176 46130. KST-1933

MATHEMATICS
Private Tutor
(5 - 10)
All Boards.
B. Chakrabarti (D.C.E.)
M - 70018 22996. HUF-1784

কর্মখালি

সহায়িকা / মাসি চাই
শিশুদের দেখাশোনা সহ অন্যান্য কাজের জন্য দায়িত্বশীল, পরিশ্রমী, মধ্যবয়স্কা "মাসি" চাই।
আধার কার্ড, মোবাইল নম্বর, ছবি নিয়ে স্কুলে দেখা করার সময় ঃ বেলা ১টা - ২টা।
শ্রীশ চন্দ্র মেমোরিয়াল কিন্ডারগার্টেন
মকদুমপুর, রাজাবাগান, মালদা।
Mob. : 9475391727

নীষ্ঠা স্পীচ এন্ড হিয়ারিং ক্লিনিক-এর জন্য কয়েকজন মহিলা ট্রেনার-এর প্রয়োজন। শিক্ষাগত যোগ্যতা - মাধ্যমিক, বয়স - 25 থেকে 30, বায়োডাটা সহ সত্বর যোগাযোগ করুন - 3 No. Govt. Colony, মালদা। ফোন নং - 87687 61622 / 94344 21504. OL-3886

ভাড়া / লীজ

উত্তর সিঙ্গাতলায় তিতাস ক্লাবের কাছে পুরাতন বাটখারা অফিস বিল্ডিং-এর নিচে ওষুধের দোকান সহ ল্যাব চেম্বার (850 বর্গফুট) একই ধরণের ব্যবসা অথবা ব্যাঙ্ক / অফিস-কে ভাড়ায় দেব। মাসিক ভাড়া - 38,000. যোগাযোগ - 95937 10590. OL-3882

জ্যোতিষ চর্চা

জয় মা
কলিকাতার প্রখ্যাত জ্যোতির্ব্বিদ
ডঃ অশোক শাস্ত্রী
দক্ষিণা মাত্র ১১০২/-
— উপস্থিত থাকছেন —
প্রতি রবি, সোম, মঙ্গল ও বুধবার
জুবলী রোড, উত্তর বালুচর, মালদা
ফোন : (০৩৫১২) ২৫৭৪৩৪
মো : ৯৫৪৭৮ ১৬৩৩৩

জ্যোতিষী (Astrologer)
তাপস কুমার ব্যানার্জী
M.A.R.P. (Kol)
দক্ষিণ সিঙ্গাতলা, মালদা টাউন হাইস্কুলের মেইন গেটের ডান দিকে
Mobile : 98320 78468 / 92326 71649

বিক্রয়

• মালদা শহরের সুভাষপল্লীতে পুরনো বাড়ি সহ পাঁচ কাঠা জায়গা অতি সত্বর বিক্রয়। M - 9641445946. HUF-0921

• এয়ারভিউ কমপ্লেক্সে (ITI মোড়ের নিকট)-এ সুন্দর পরিবেশে 2 কাঠা প্লট বিক্রয়। এজেন্ট নিষ্প্রয়োজন। M - 9593612484. HUF-0916

ফ্ল্যাট বুকিং চলছে
অভিরামপুর 2nd লেন, বাঁধ রোড সংলগ্ন J.M.C. ক্লাব-এর রাস্তায় "HINDOL" Apartment-এ মধ্যবিত্তের ধরাছোঁয়ার মধ্যে B+G+6 Multi Storied Residential Building-এ
2 BHK 750 - 850 স্কোয়ারফিট,
3 BHK 1050 - 1150 স্কোয়ারফিট,
4 BHK 1700 - 2000 স্কোয়ারফিট
ফ্ল্যাট-এর বুকিং শুরু হয়েছে। সত্বর যোগাযোগ করুন।
Car Parking Available in Basement.
WBRERA Approved.
RERA Registration No. - WBRERA/P/MAL/2025/002401.
Website : www.rera.wb.gov.in
Mobile No.
97341 02876 / 96478 01310

বিক্রয়

• 1 নং গভঃ কলোনীতে দূর্গা মন্ডপের কাছে 2 BHK (950 sq.ft.) দ্বিতলে ফ্ল্যাট অতি সত্বর বিক্রয়। M - 9474653167 (10 A.M. - 4 P.M.). HUF-0911

মালদা 420 মোড়ের কাছে বিবেকানন্দপল্লীতে দূর্গা মন্ডপের কাছে 4 কাঠা জমি সহ বাড়ি বিক্রয় আছে। প্রকৃত ক্রেতা যোগাযোগ করুন। M - 98746 16456 / 97330 12628 / 80177 28901. OL-3867

জমি বিক্রয়
সিঙ্গাতলায়
1.8 শতক (787 বর্গফুট)
বাস্তু জায়গা
বিক্রয় হইবে।
প্রকৃত ক্রেতা যোগাযোগ করুন।
M : 97331 70517
M : 97326 27414
HUF-0914

বিক্রয়

দূর্গাবাড়ি মোড়ে 1200 sq.ft. নতুন Flat বিক্রয় হবে গ্যারেজ সহ। দালাল নিষ্প্রয়োজন। M - 97350 27369. HUF-0936

কে. জে. সান্যাল রোড-এ রাস্তার উপরে ডাঃ পি. কে. মাঝির চেম্বারের পাশে প্রতিমা আবাসনে 2nd ফ্লোরে একটি পুজোর ঘর সহ 3 BHK ফ্ল্যাট বিক্রি হবে। যোগাযোগ - 94747 22044. HUF-0004

বাড়ি বিক্রির বিজ্ঞাপন
বিবেকানন্দ পল্লীতে 3 কাঠার উপর তিনতলা বাড়ি বিক্রয় আছে। নবীন সিনেমা হলের পিছনে, নিবেদিতা গার্লস হাইস্কুল-এর সামনের বাড়ির পিছনের গলিতে বাড়ির অবস্থান। মূল্য - তিন কোটি (Negotiable)। প্রকৃত ক্রেতা WApp / ফোন করুন - 79084 86607 / 89001 44784. HUF-0009

ইন্দ্রানী পার্লস
শ্রীHari
COSTUME & GOLD PLATED JEWELLERY
মালদা পার্লস এম্পোরিয়াম
B. S. Road (Nr. Kuttitola More).
94341 89908

তিনি এসেছিলেন ঘোড়ায়। আসলে পুজো শুরুর বার অনুসারে দেবীর একেকটি বাহনের ব্যবস্থা। যেমন, রবি আর সোমবারে সপ্তমী পড়লে দেবীর আগমন মাতঙ্গ অর্থাৎ হাতিতে। শনি ও মঙ্গলবার তুরঙ্গ অর্থাৎ অশ্ব, শুক্র ও বৃস্পতিবার শিবিকা অর্থাৎ পালকি এবং বুধবারের বাহন নৌকা।

✤ দূর্গা মূর্তি বা দেবতাগঠনের পুজো শুরু হয় কাঠামো পুজো দিয়ে। অক্ষয়তৃতীয়া বা রথযাত্রার শুভদিনে বিষ্ণু, বিশ্বকর্মা ও দেবী দূর্গার পূজো দিয়ে কাঠামো পূজো হয়। দিনটিকে শুভ মনে করে ঠাকুর বায়না দেওয়া হয়।

✤ দুর্গা পূজার প্রচলন করেন কে-এ নিয়ে মতভেদ থাকলেও পৌরাণিক কাহিনী মতে, সত্যযুগে রাজা সুরথ দুর্গাপুজোর প্রচলন করেন। আবার একটি কিংবদন্তি থেকে জানা যায়, মল্লভূম বিষ্ণুপুরের জগৎ মল্ল নামে এক রাজা বাংলায় দুর্গা প্রতিমা পুজোর প্রচলন করেন।

✤ ১৯০৫ সালে স্টামেন গ্রিগোরভ নামে এক বুলগেরিয়ান গবেষক প্রথম গবেষণা করে দেখিয়েছিলেন ব্যাসিলাস গোত্রে এক বিশেষ ব্যাকটেরিয়ার প্রভাবেই দুধ জমে দই হয়ে যায়। তখন তাঁর বয়স সাতাশ বছর।

✤ আগে নিমন্ত্রণ বাড়িতে সমস্ত তরকারি আলুনি হত। নুন দিলেই তরকারি উৎকৃষ্ঠ হয়ে যেত। তাই পাতার এক কোণে আলাদা করে নুন দেওয়ার রীতি ছিল। সেই নুন দেওয়ার রীতি এখনও রয়ে গেছে।

✤ দ-কার দৈত্য বিনাশ, উ-কার বিঘ্ননাশ, র-কার সব রোগ নাশ, গ-কার পাপ বিনাশ এবং অ-কার শোক-দুঃখ ও সর্বশত্রু বিনাশের সূচনা করে। দূউ্রগ্আ, এই বর্ণ যোগ করে দূর্গার সৃষ্টি।

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

কোনও বিজ্ঞাপন সূত্র ধরে বিজ্ঞাপন দাতার সঙ্গে যোগাযোগ করার আগে পাঠকদের যথাযথ খোঁজ খবর নিতে বলা হচ্ছে। বিজ্ঞাপন দাতাদের কোনও দাবী ও বক্তব্য বিষয়ে এই বিজ্ঞাপন ক্রোড়পত্র (ফ্রী শিটার) কোনও নিশ্চয়তা বা দায়িত্ব বহন করে না। এই ঘোষণা ভারত সরকারের স্পেশাল ক্রাইম ব্রাঞ্চের নির্দেশ অনুযায়ী ছাপা হচ্ছে।
— সম্পাদক / প্রকাশক।

সাংসারিক গাইড

✤ বাসন মাজুনি পরিষ্কার ও জীবাণুমুক্ত করতে লবণ মিশ্রিত জলে ভিজিয়ে রাখুন সারারাত।

✤ থালাবাসনের তেল পরিষ্কার করতে সাবানের সাথে গরম জল ব্যবহার করুন, এতে তেল ভাব দূর হবে।

✤ কিছু ভাজতে কড়াইতে তেল গরম হলে, বা দেবেন তার সঙ্গে সামান্য লবণ দিয়ে দিন, তেলের ছিটকা উঠবে না।

✤ ডালের মজা বৃদ্ধির জন্য বেশি সময় ধরে রান্না করুন, স্বাদ বেড়ে যাবে।

✤ বর্ষাকালে লবণ গলে যায়, তাই একমুঠো পরিষ্কার চাল পুঁটলি করে বেঁধে লবণের পাত্রে রেখে দিন।

✤ বেশি পেকে যাওয়া টমেটো ফ্রেশ করবার জন্য রাতভর ঠান্ডা জলে নুনু মিশিয়ে রেখে দিন। সকালে দেখবেন টমেটো ফ্রেশ লাগবে দেখতে।

কত অজানারে

✤ আরাবল্লি পর্বতমালায় মোট পাহাড় রয়েছে ১২ হাজার ৮১ টি। এর মধ্যে ১০০ মিটারের চেয়ে উঁচু পাহাড়ের সংখ্যা মাত্র ১০৪৮ টি।

✤ ১৮ সপ্তাহ বয়স হলে মুরগি ডিম পাড়া শুরু করে। সারা জীবনে একটি স্বাস্থ্যবতী মুরগি প্রায় হাজার খানেক ডিম পাড়ে।

✤ চার দেওয়ালের মাঝখানের অংশকে বলে "মেঝে" বা "মেজে"। শব্দটি এসেছে "মাঝ" থেকে।

✤ তারকনাথ পালিতের কন্যা লিলিয়ান তার স্বামীর সঙ্গে সম্পর্ক ছেদ করে পুর্নবিবাহ করেন। বিবাহ বিচ্ছেদ এবং তারপর পুর্নবিবাহ বাঙালি মহিলাদের ক্ষেত্রে সেই প্রথম।

✤ ১৯৫১ সালো 'কুয়ো ভাদিস" ছবিটিতে কাজ করেছিলেন ৩০ হাজার "এক্সট্রা" অভিনেতা আর ৬৩ টি সিংহ।

✤ প্রাচীনকালে মহিলারা বিভিন্ন উদ্দেশ্যে ও বিভিন্ন অনুষ্ঠানে নানারকম শাড়ি পরতেন। এসব শাড়ির নামও হত বৈচিত্রময়। যেমন প্রথম মা হলে বা হওয়ার আগে পরিবার বা প্রিয়জন শাড়ি উপহার দিতেন, তার নাম "অধ্যয়া"। এই শাড়ির রং হত লাল।

✤ চরম অধঃপতনে যাওয়াকে আমরা বলি রসাতলে যাওয়া। আসলে পাতালের সাতটি তলের একদম নীচের তলটিকে বলে রসাতল। তল, অতল, বিতল, সুতল, তলাতল, মহাতল আর রসাতল। অর্থাৎ সর্বনিম্ন তলদেশ পতিত হওয়া।

✤ নখ ব্যবহার করে দুজনের মধ্যে লড়াই করাকে বলে খামচা-খামচি। আরবি খমস শব্দের অর্থ পাঁচ। খামচানিতে পাঁচ আঙুলের নখের দাগ হতে পারে। খমস-খমসি থেকে "খামচা-খামচি" এসেছে।

✤ কাগজ আবিষ্কারের আগে পড়াশোনায় লেখার কাজে ব্যবহার করা হত তালপাতা। ছাত্রো পাতার তাড়ি নিয়ে গুরুগৃহে যেত। পড়ার শেষে পাতার তাড়ি গুটিয়ে নিয়ে উঠে পড়তে হত। এখান থেকেই এসেছে পাততাড়ি গোটানো।

✤ ১৮৯৯ সালের ২০ জানুয়ারি কোলকাতায় তাপমাত্রা হয়েছিল ৬.৭ ডিগ্রি সেলসিয়াস। এটাই এখনও পর্যন্ত কোলকাতার সর্বনিম্ন তাপমাত্রা।

✤ ভূপৃষ্ঠের তাপমাত্রা সবচেয়ে কম থাকে সাধারণত সূর্যোদয়ের সময়।

✤ সাইবেরিয়ার Verkhoyansk অঞ্চলে তাপমাত্রা এত কম যে কেটলি থেকে গরম জল মাটিতে ঢালার মুহূর্তে তা জমে বরফে পরিণত হয়।

✤ ভারতের শীতলতম অঞ্চল পশ্চিম লাদাখের দ্রাস। অঞ্চলটিতে কখনও কখনও তাপমাত্রা মাইনাস ৪০ ডিগ্রি সেলসিয়াসে নেমে যায়।

✤ প্রতি বছরেই শোনা যায় দেবীর ভিন্ন ভিন্ন বাহনে আগমন। এ বছর যদি পালকিতে আসেন, দেখা যাবে গত বছর

উজ্জ্বল ভবিষ্যত

(প্রথম পাতার পর)

ইঞ্জিনিয়ারিংয়ে এমটেক বা এমএস করা যায়। এমবিএ করতে পারেন। দেশে ও বিদেশে বিভিন্ন প্রতিষ্ঠানে (যেমন আইআইটি, আইআইএসসি, বিদেশি বিশ্ববিদ্যালয়গুলি থেকে) এমএ বা পিএইচডি করতে পারেন অত্যাধুনিক প্রযুক্তিভিত্তিক ক্ষেত্রগুলির উপর।

কর্মজীবন

গেট পরীক্ষার মাধ্যমে পাবলিক সেক্টর ইউনিটগুলির মধ্যে বিএইচইএল (ভেল), এনটিপিসি, ওএনজিসি, পাওয়ার গ্রিড সংস্থায় ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার নিয়োগ করা হয়। বেসরকারি সংস্থাগুলির মধ্যে ভারতীয় ও বিদেশি বহুজাতিক তথ্য প্রযুক্তি সংস্থাগুলিতে, বিদ্যুৎ উৎপাদন ও বিদ্যুৎ বন্টন সংস্থাগুলিতে প্রতি বছর বড় সংখ্যায় কর্মী নিয়োগ করা হয়। এআই পরিচালিত বিদ্যুৎ উৎপাদন ও পরিচালনা সংক্রান্ত ব্যবস্থাপনায় অনেক স্টার্ট আপ প্রতি বছর নবীন ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারদের নিয়োগ করে। সবচেয়ে বেশি নিয়োগ করা হচ্ছে ইলেকট্রিক্যাল ভেহিক্যাল নির্মাণকারী সংস্থাগুলিতে।

বন্দে ভারত

(প্রথম পাতার পর)

দৌলতে এই ট্রেনে যাত্রীদের ভ্রমণ অনেক বেশি আরামদায়ক হতে চলেছে বলে মনে করা হচ্ছে। দুর্ঘটনার ঝুঁকি এড়াতে ট্রেনটি স্বয়ংক্রিয় ট্রেন সুরক্ষা ব্যবস্থায় (কবচ) সুরক্ষিত থাকছে।

বিবাহযোগ্য পাত্র-পাত্রীর অভিভাবকের কাছে আবেদন —

আপনাদের বিবাহযোগ্য ছেলে-মেয়েদের তথ্য (পূর্ণাঙ্গ প্রোফাইল) জনপ্রিয় ওয়েবসাইট **www.khonj.live**-এ বিনামূল্যে আপলোড করে রাখুন। এতে আপনাদের অতিরিক্ত খোঁজখবর পেতে সুবিধা হবে। শুধু তাই নয়, প্রোফাইলের লিঙ্ক যে কাউকে এমনকি সোস্যাল মিডিয়াতেও শেয়ার করতে পারবেন। এই পরিষেবায় প্রতিমাসে শতাধিক পরিবার উপকৃত ও সন্তুষ্ট। নিচের তথ্যগুলি যতটা সম্ভব পূরণ করে পাঠান। যতো বেশী তথ্য দিতে পারবেন, ততো বেশী রেসপন্স পাবেন।

ব্যক্তিগত তথ্য

প্রার্থীর (পাত্র / পাত্রীর) নাম* –
লিঙ্গ (পুরুষ / মহিলা) –
হোয়াটসঅ্যাপ বা কলিং নম্বর* –
ই-মেইল আইডি –
জন্মতারিখ (DOB) –
শিক্ষাগত যোগ্যতা –
উচ্চতা –
ব্লাড গ্রুপ –
রাশি –
মাঙ্গলিক / অমাঙ্গলিক –
জাতি –
গোত্র –
ধর্ম –
ওজন –
অন্যান্য যোগ্যতা –
বর্তমানে বৈবাহিক স্থিতি –
অবিবাহিত / ডিভোর্সী / বিপত্নীক / বিধবা / ডিভোর্সের জন্য অপেক্ষারত – (যে কোন একটি অপশন বাছুন)
ঠিকানা (বাসস্থান) –
চেহারার সংক্ষিপ্ত বিবরণ –
শখ –
খাদ্যাভাস – (আমিষাশী / নিরামিষাশী) –
পিতা-মাতার কততম সন্তান (প্রথম / দ্বিতীয় / তৃতীয়) – একমাত্র
সাম্প্রতিক ছবি (ন্যূনতম ১ টি / সর্বাধিক ৩ টি) পাঠান –

পেশাগত তথ্য

কর্মস্থল (ঠিকানা) –
আয়ের উৎস –
(চাকুরী (স্থায়ী / চুক্তিবদ্ধ) / ব্যবসা / প্রফেশনাল / স্থায়ী সম্পত্তি বা আমানত / ঘরোয়া / অন্য কিছু)
পদ –
বার্ষিক আয় –
শিক্ষাগত / কারিগরী যোগ্যতা –
পিতামাতা / পরিবার সংক্রান্ত সংক্ষিপ্ত বিবরণ –
অন্যান্য বিষয়ে মন্তব্য (যদি জানাতে চান) –
কেমন পাত্র বা পাত্রী খুঁজছেন তা সংক্ষেপে লিখুন –

(পাত্র / পাত্রীর নাম, বাসস্থানের ঠিকানা, ছবি বা (স্টার) চিহ্নিত প্রশ্নের তথ্য যদি প্রকাশ করতে না চান সেক্ষেত্রে জানাতে হবে।

তবে তথ্যগুলি আমাদের রেকর্ডের জন্য অবশ্যই পাঠাতে হবে।

প্রত্যেক আবেদনের সাথে ফটো আইডি (যেমন - আধার, প্যান / পাসপোর্ট / ভোটার কার্ড) ও ন্যূনতম এক কপি ছবি পাঠানো বাধ্যতামূলক। স্ব-অভিভাবক পাত্র / পাত্রীরাও আবেদন করতে পারেন।

Only WhatsApp to **9233 44 45 46**
(11 A.M. to 7 P.M., except holiday).
Visit : khonj.live

পরবর্তী
জারুরী গাইড
বিতরিত হবে **4 ফেব্রুয়ারি, 2026, বুধবার।**
বিজ্ঞাপন জমা দেওয়ার শেষ তারিখ **29 জানুয়ারী, 2026, বৃহস্পতিবার, সন্ধ্যা 7 টার মধ্যে।**

জারুরী গাইড
বিনামূল্যে বিতরণ কেন্দ্র
অনলাইনে পড়ুন - aamaarshahor.com

